# HS - 2018

# SUB - BIOLOGY

## PART - B

**1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো: (1×14=14)**

**(1) প্রদত্তগুলির কোনটি বিপন্ন প্রজাতির নয়?**

(a) তুষার চিতাবাঘ, (b) ভারতীয় সিংহ, (c) ঘড়িয়াল, (d) নেকড়ে।

**(ii) জন্মহারের সূত্রটি হল-**

(a) N = t/nD (b) N = nD/t (c) M=mD/t (d) M=t/mD

**(iii) 'ডিপ লিটার' পদ্ধতিটি নিম্নলিখিত কোনটির সঙ্গে সম্পর্কিত?-**

(a) ডেয়ারি ফার্ম, (b) এপিকালচার, (c) মৎস্য চাষ, (d) পোলট্রি ফার্ম।

**(iv) জীবের উদ্ভবের জৈব-রাসায়নিক তত্ত্বটি প্রথম কে উপস্থাপন করেন?**

(a) ডারউইন, (b) হেকেল, (c) ওপারিন, (d) ফক্স।

**(v) মা বর্ণান্ধতা রোগের বাহক ও বাবা স্বাভাবিক হলে-**

(a) সকল মেয়ে বাহক হবে, (b) সকল মেয়ে স্বাভাবিক হবে, (c) অর্ধেক ছেলে স্বাভাবিক ও অর্ধেক ছেলে বর্ণান্ধ হবে, (d) b এবং c উভয়ই।

**(vi) যখন একই জনিতৃ দেহে পুং গ্যামেট ও স্ত্রী গ্যামেট উৎপন্ন হয় এবং তাদের মিলন ঘটে তখন তাকে বলে-**

(a) আইসোগ্যামি, (b) উগ্যামি, (c) এন্ডোগ্যামি, (d) অটোগ্যামি।

**(vii) সিফিলিস রোগ সৃষ্টিকারী প্যাথোজেনটির নাম হল-**

(a) Treponema pallidum, (b) Neisseria gonorrhoeae, (c) Trichomonas vaginalis, (d) Chlamydia trachomatis

**(viii) ট্রান্সজেনিক 'গোল্ডেন রাইসে' যা প্রচুর পরিমাণে থাকে তা হল-**

(a) ভিটামিন-D, (b) মিথিওনিন, (c) লাইসিন, (d) β-ক্যারোটিন।

**(ix) একটি বৃহৎ ভৌগোলিক অঞ্চলে বিভিন্ন বাস্তুতন্ত্রের বিভিন্ন সম্প্রদায়ের জীব প্রজাতির সামগ্রিক বৈচিত্র্যকে বলা হয়-**

(a) আলফা বৈচিত্র্য, (b) বিটা বৈচিত্র্য, (c) গামা বৈচিত্র্য, (d) জিনগত বৈচিত্র্য।

**(x) কোন্ এনজাইম দ্বারা নিউক্লিক অ্যাসিড খণ্ডিত হয়?**

(a) নিউক্লিয়েজ, (b) প্রোটিয়েজ, (c) লাইগেজ, (d) পলিমারেজ।

**(xi) ইন্টারফেরন কার বিরুদ্ধে কাজ করে?**

(a) প্রোটোজোয়া, (b) ছত্রাক, (c) ব্যাকটেরিয়া, (d) ভাইরাস।

**(xii) নীচের কোন্ তিনটি কোড (code) প্রোটিন সংশ্লেষে সমাপ্তিকরণ সিগন্যাল হিসেবে কাজ করে?-**

(a) UAA, UGA, UAG, (b) UUU, UAU, UCC, (c) UUG, UCG, UCA, (d) UUC, UUA, UAC

**(xiii) ক্লাইনফেল্টার সিনড্রোমযুক্ত মানুষের ক্যারিওটাইপ হল-**

(a) 47, XXY, (b) 45, X, (c) 47, +21, (d) 46, XY

**(xiv) ডিম্বকের ভ্রূণপোষকটি (Nucellus) হল-**

(a) হ্যাপ্লয়েড, (b) ডিপ্লয়েড, (c) ট্রিপ্লয়েড, (d) পলিপ্লয়েড।

**2. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি এক বাক্যে উত্তর দাও *(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)* (1×4=4)**

**(i) মোট প্রাথমিক উৎপাদন ও আসল প্রাথমিক উৎপাদন-এর সম্পর্ক লেখো।**

***অথবা,*** *হেলিওফাইট ও সিওফাইটের যে-কোনো একটি পার্থক্য লেখো।*

**(ii) ইমাসকুলেশন বলতে কী বোঝো?**

**(iii) অভিযোজন বিচ্ছুরণের সূত্র কে উপস্থাপন করেন?**

**(iv) কনিডিয়া কোন ধরনের উদ্ভিদের অযৌন জননের একক?**

***অথবা,*** *মেনোপজ কী?*

## PART - A

**1. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও *(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)***

**(a)** জোড়কলম (Grafting) বলতে কী বোঝো?

***অথবা,*** *পুরুষ ও স্ত্রী মানবদেহে কোন্ কোন্ শল্যচিকিৎসা পদ্ধতির দ্বারা চিরস্থায়ী গর্ভনিরোধ করা হয়?*

**(b)** সেন্ট্রাল ডগমা বলতে কী বোঝো?

***অথবা,*** *প্লিওট্রপি বলতে কী বোঝো? উদাহরণ দাও।*

**(c)** SCP বলতে কী বোঝো? একটি উদাহরণ দাও।

**(d)** 'আণবিক কাঁচি' ও 'আণবিক আঠা' বলতে জৈবপ্রযুক্তিতে কোন্ দুটি উৎসেচককে বোঝানো হয়?

**(e)** 'চিপকো আন্দোলন' বলতে কী বোঝো?

***অথবা,*** *জৈব বিবর্ধন কাকে বলে? উদাহরণ দাও।*

**2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও *(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)*** (9×3=27)

**(a)** অ্যামনিওসেন্টেসিসের প্রয়োজনীয়তা উল্লেখ করো। IUD কী? (2+1)

**(b)** নিউক্লিওজোমের উপর সংক্ষিপ্ত টীকা লেখো।

**(c)** ল্যাক ওপেরনের গঠন সংক্ষেপে বর্ণনা করো।

***অথবা,*** *বিবর্তনের যে-কোনো তিনপ্রকার আণবিক প্রমাণ উদাহরণসহ উল্লেখ করো।*

**(d)** একটি আদর্শ অ্যান্টিবডির গঠন চিহ্নিত চিত্রসহ সংক্ষেপে বর্ণনা করো।

**(e)** ফাইলেরিয়েসিস রোগের উপসর্গগুলি সংক্ষেপে লেখো। এই রোগসৃষ্টিকারী পরজীবীর বিজ্ঞানসম্মত নাম লেখো। (2+1)

***অথবা,*** *পোলট্রি পাখির একটি ব্যাকটেরিয়াঘটিত রোগের নাম লেখো। পোলট্রি ফার্ম ম্যানেজমেন্ট বলতে কী বোঝো? (1+2)*

**(f)** যে-কোনো তিনপ্রকার ব্যাকটেরিয়ার জীবজ সার হিসেবে ব্যবহার বর্ণনা করো।

***অথবা,*** *যে-কোনো তিনপ্রকার ব্যাকটেরিয়ার শিল্প উৎপাদনে ব্যবহার বর্ণনা করো।*

**(g)** জৈবপ্রযুক্তিবিদ্যার দ্বারা মানব ইনসুলিন উৎপাদনের পদ্ধতিটি সংক্ষেপে বর্ণনা করো।

***অথবা,*** *cDNA বলতে কী বোঝো? ট্রান্সফেকশন কী? (2+1)*

**(h)** Bt তুলো বলতে কী বোঝো? একটি বায়োপেটেন্টের উদাহরণ দাও। (2+1)

**(i)** প্রাণীর খেচর অভিযোজন বলতে কী বোঝো? প্যাটাজিয়া কী? (2+1)

***অথবা,*** *শব্দচিত্রের সাহায্যে ফসফরাস চক্রটি উপস্থাপন করো।*

**3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও *(বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)*** (5×3=15)

**(a)** সপুষ্পক উদ্ভিদের ইতর পরাগযোগ সংক্রান্ত কৌশলগুলি উদাহরণসহ সংক্ষেপে বর্ণনা করো। পতঙ্গপরাগী পুষ্পের যে-কোনো দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো। (4+1)

***অথবা,*** *শব্দচিত্রের মাধ্যমে মানবদেহের শুক্রাণু উৎপাদন প্রক্রিয়াটি উপস্থাপন করো। অ্যাক্রোজোম বিক্রিয়া এবং ইমপ্লানটেশন বলতে কী বোঝো? (3+2)*

**(b)** DNA রেপ্লিকেশনে উল্লিখিতগুলির ভূমিকা লেখো: (i) প্রাইমেজ, (ii) হেলিকেজ, (iii) DNA পলিমারেজ-III। উদাহরণসহ পলিজেনিক উত্তরাধিকার ব্যাখ্যা করো। (3+2)

**(c)** বিশ্ব উন্নায়নের তাৎপর্য বিবৃত করো। জীববৈচিত্র্যের অবলুপ্তির কারণগুলি বর্ণনা করো। (3+2)

***অথবা,*** *জীববৈচিত্র্যের হটস্পট নির্ধারণের শর্তগুলি উল্লেখ করো। যে-কোনো তিনপ্রকার জনসংখ্যা আন্তঃক্রিয়ার উদাহরণসহ বর্ণনা দাও। (2+3)*